

বেতন বৈষম্য নিরসন আজ শিক্ষা ভবনে সরকারি কলেজ শিক্ষকদের অবস্থান

যুগান্তর রিপোর্ট

পদ আপগ্রেডেশন ও অষ্টম জাতীয় বেতন স্কেলে বিদ্যমান বৈষম্য নিরসনসহ ৩ দফা দাবিতে সরকারি কলেজ শিক্ষকরা আজ শিক্ষা ভবনে ১ ঘণ্টা অবস্থান কর্মসূচি পালন করবেন। বিসিএস সাধারণ শিক্ষা সমিতির ডাকে সকাল ১০টায় এ কর্মসূচি শুরু হবে। সমিতির মহাসচিব আইকে সেলিমউল্লাহ খোন্দকার শনিবার রাতে যুগান্তরকে জানান, কর্মসূচিতে অংশ নেয়ার জন্য সারা দেশ থেকে শিক্ষকরা ঢাকা আসছেন। শিক্ষা ভবন চত্বরের এ কর্মসূচিতে তারা অংশ নেবেন। এ উপলক্ষে শনিবার এক বিবৃতিতে বিসিএস সাধারণ শিক্ষা সমিতির সভাপতি নাসরীন বেগম এবং মহাসচিব আইকে সেলিম উল্লাহ খোন্দকার বলেন, জাতীয় বেতন স্কেলে শিক্ষা ক্যাডারের পদগুলোর বেতন বৈষম্য নিরসনের দাবিকে বিবেচনায় না এনে অধ্যাপক পদের বেতন স্কেল ও গ্রেড অবনমন করা হয়েছে। সিলেকশন গ্রেড ও টাইম স্কেল বাড়ানো করা অধ্যাপক, সহকারী অধ্যাপক, সহযোগী অধ্যাপক এবং অধ্যাপকসহ শিক্ষা ক্যাডারের সব স্তরের বেতন বৈষম্য বৃদ্ধি পেয়েছে। যার ফলে শিক্ষা ক্যাডারের বিভিন্ন স্তরের প্রায় ১৫ হাজার সদস্য ক্ষতিগ্রস্ত হবেন।